



ডিএমডি সার্কুলার লেটার নং- ০২

**বাংলাদেশ ব্যাংক**  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
**প্রধান কার্যালয়**  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

০৯ মাঘ ১৪৩০

তারিখ: -----

২৩ জানুয়ারি ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।  
(শরীয়াহ্ ভিত্তিক পরিচালিত ব্যাংক ব্যতীত)

প্রিয় মহোদয়,

জাতীয় সঞ্চয় স্কিমসমূহ বিক্রয়কালে এবং বিক্রয় পরবর্তী অন্যান্য সেবা প্রদানকালে অনুসরণীয় নির্দেশনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জারিকৃত ডিএমডি সার্কুলার নং-০১, তারিখ: ২০ জুলাই ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারে জাতীয় সঞ্চয় স্কিমের আওতাধীন ইনস্ট্রুমেন্টসমূহ (সঞ্চয়পত্র ও সঞ্চয়বন্ড) বিক্রয়কালে এবং বিক্রয় পরবর্তী অন্যান্য সেবা প্রদানের বিষয়ে কতিপয় নির্দেশনা প্রদান করা হয়েছিল। তথাপি সঞ্চয় স্কিমের অর্জিত মুনাফা হতে উৎসে কর কর্তনের সার্টিফিকেট প্রদানের ক্ষেত্রে বিনিয়োগকারীদেরকে হয়রানি, উৎসে কর কর্তনের সনদপত্র প্রদানের ক্ষেত্রে গ্রাহকগণের নিকট হতে চার্জ গ্রহণ, সঞ্চয়পত্র ইস্যু পরবর্তী সেবা (যেমন: বিনিয়োগকারীর মোবাইল নম্বর সংশোধন/পরিবর্তন, ব্যাংক হিসাব সংশোধন, ডুপ্লিকেট সঞ্চয়পত্র ইস্যু, উৎসে কর কর্তনের সার্টিফিকেট প্রদান ইত্যাদি) প্রদানের ক্ষেত্রে বিলম্ব করা প্রভৃতি অভিযোগ পাওয়া যাচ্ছে। এছাড়া, পেনশনার সঞ্চয়পত্রের বিধিমালা অনুযায়ী উপযুক্ত ব্যক্তির নিকট সঞ্চয়পত্র বিক্রয় না করা এবং অনুপযুক্ত ব্যক্তির নিকট সঞ্চয়পত্র বিক্রয় করার অভিযোগও পাওয়া যাচ্ছে। এমতাবস্থায় নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো:

- ক) সঞ্চয়পত্র ইস্যু পরবর্তী বিভিন্ন সেবা প্রদান যেমন: বিনিয়োগকারীর মোবাইল নম্বর সংশোধন/পরিবর্তন, ব্যাংক হিসাব সংশোধন, ডুপ্লিকেট সঞ্চয়পত্র ইস্যু, উৎসে কর কর্তনের সার্টিফিকেট প্রদান ইত্যাদি ক্ষেত্রে ডিএমডি সার্কুলার নং-০১/২০২২, তারিখ: ২০ জুলাই ২০২২ এর নির্দেশনা অনুসরণ;
- খ) কোন চার্জ গ্রহণ ব্যতিরেকে বিনিয়োগকারীদেরকে সঞ্চয় স্কিমের অর্জিত মুনাফা হতে উৎসে কর কর্তনের সার্টিফিকেট দ্রুততম সময়ে প্রদান;
- গ) পেনশনার সঞ্চয়পত্র ইস্যু করার ক্ষেত্রে পেনশনার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৪ (সংশোধিত-২০১৫) এবং ডিএমডি সার্কুলার লেটার নং-০৬/২০২১, তারিখ: ১৫ নভেম্বর ২০২১ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ।

০৩। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(ইস্তেকমাল হোসেন)

পরিচালক (ডিএমডি)

ফোনঃ ৯৫৩০১৩১

ই-মেইল: [istekmal.hussain@bb.org.bd](mailto:istekmal.hussain@bb.org.bd)